# প্রবাসী কল্যাণ ব্যাংক

"দেশে ও প্রবাসে, আপনারই পাশে"
প্রধান কার্যালয়, ঢাকা
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০
www.pkb.gov.bd

নং ৫৩.১৬.২৬৬৬.৯০৯.০৬.০০৩.২৪-১৯৬১ (ক) তারিখঃ ১৯.১২.২০২৪ খ্রিঃ

"সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও তদারকি বিষয়ক কমিটি"

মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২৫ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তর ও আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণের বাধ্যবাধকতা রয়েছে। এ প্রেক্ষিতে, অত্র ব্যাংকের প্রধান কার্যালয়, সকল আঞ্চলিক কার্যালয় ও শাখাসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) প্রস্তুত ও হালনাগাদ নিশ্চিতকরণের জন্য "সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও তদারকি বিষয়ক কমিটি" নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলোঃ

| ক্রম | নাম/পদবী ও কর্মস্থল | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ মফিজুল ইসলাম, উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান<br>শাখা নিয়ন্ত্রণ, ব্যবসা উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ | সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২. | জনাব গাজী রাহাত মাহমুদ, উপমহাব্যবস্থাপক ও প্রিন্সিপাল<br>প্রবাসী কল্যাণ ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট | সদস্য |
| ৩. | জনাব মোহাম্মদ সায়েম আবুল খায়ের, উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান<br>আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ ও আইটি অপারেশন ও ডিএফএস বিভাগ | সদস্য |
| ৪. | জনাব মোঃ শাহাদাত হোসেন, সহকারী মহাব্যবস্থাপক<br>শাখা নিয়ন্ত্রণ, ব্যবসা উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ | সদস্য ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৫. | জনাব মোঃ সোহেল আহম্মেদ, সিস্টেম এনালিস্ট, আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ | সদস্য |
| ৬. | জনাব মোঃ কামরুল ইসলাম, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ | সদস্য |
| ৭. | জনাব ডি এম মিনহাজ উদ্দীন, প্রিন্সিপাল অফিসার, কমপ্লায়েন্স বিভাগ | সদস্য |
| ৮. | জনাব ছুন্নাতি খাতুন, অফিসার<br>শাখা নিয়ন্ত্রণ, ব্যবসা উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ | সদস্য সচিব |

২.০ কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

ক. নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে নিয়মিত/ত্রৈমাসিক ভিত্তিতে আপলোড করা;

খ. অত্র ব্যাংকের সকল আঞ্চলিক কার্যালয় ও শাখাসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, হালনাগাদকরণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তের আলোকে মাঠ পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) তদারকিকরণ;

গ. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন;

ঘ. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ;

ঙ. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মকর্তাদের কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং

চ. কমিটি নিয়মিত সভায় মিলিত হবে ও সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। কমিটির যে কোন ৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে এবং সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠ সদস্য সভাপতির দায়িত্ব পালন করবেন।

৩.০ কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

19/12/2024

(মোহাম্মদ মফিজুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
এবং সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও তদারকি বিষয়ক কমিটি

সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ
প্রবাসী কল্যাণ ব্যাংক।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. বিভাগীয় প্রধান, প্রিন্সিপাল এবং সহকারী মহাব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. শাখা ব্যবস্থাপক/অঞ্চল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক;
৩. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে);
৪. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে);
৫. মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (মহাব্যবস্থাপক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (অত্র ব্যাংকের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে "সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও তদারকি বিষয়ক কমিটি" শিরোনামে প্রকাশের অনুরোধসহ);
৭. অফিস কপি।